

তারিখ: ১৮.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

আগ্রাবাদে সন্ধ্যা ৬টার আগে হকার বসতে পারবে না : মেয়র

অফিস সময় দখলমুক্ত থাকবে রাস্তা ও ফুটপাথ, নির্ধারিত সময়ে ভ্যানগাড়ি-ছাতা দিয়ে ব্যবসার অনুমতি। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন জানিয়েছেন, চট্টগ্রামের প্রধান বাণিজ্যিক এলাকা আগ্রাবাদে সন্ধ্যা ৬টার আগে হকার বসতে দেওয়া হবে না। অফিস চলাকালীন সময়ে ফুটপাথ ও সড়ক দখল করে বসা অবৈধ দোকানপাটের বিরুদ্ধে তিনি কঠোর সতর্কতা জারি করেন। আজ সোমবার দুপুরে আগ্রাবাদ হোটেল থেকে বাদামতলী মোড় পর্যন্ত এলাকায় পরিদর্শনে গিয়ে মেয়র বলেন—“আগ্রাবাদ একটি আন্তর্জাতিক মানের বাণিজ্যিক এলাকা। প্রতিদিন এখানে দেশি-বিদেশি ব্যবসায়ী ও পর্যটক যাতায়াত করেন। অফিস সময়ে রাস্তা ও ফুটপাথ দখল করে হকার বসতে দিলে নগরীর ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এবং সাধারণ মানুষের ভোগান্তি বাড়ে।” মেয়র আরও জানান—“সন্ধ্যা ৬টার পর থেকে রাত ১২টা পর্যন্ত অস্থায়ী ভ্যানগাড়ি ও ছাতা ব্যবহার করে হকাররা দোকান বসাতে পারবেন। তবে দিনের বেলা ব্যবসার নামে কোনোভাবেই রাস্তা দখল করা যাবে না। এছাড়া যেসব হকার ব্যবসা করবেন তাদের ব্যবসা ভ্রাম্যমান হতে হবে, স্থায়ীভাবে নালা, সড়ক, ফুটপাথ দখল করে হকার ব্যবসার নামে দখলদারি চলবে না।” সিটি কর্পোরেশনের কর্মকর্তারা এ সময় উপস্থিত থেকে এলাকাবাসী ও দোকানদারদের নতুন নির্দেশনা মেনে চলার আহ্বান জানান।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮